স্কুল অব এডুকেশন
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর- ১৭০৫
☎: 9291107, PABX: 9291101-4, Ext- 290

স্মারক: বাউবি/এসওই/২(৯৭)/০৯/২৩১ তারিখ: ০২-১২-২০২১

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

অধ্যক্ষ/সমন্বয়কারী
বাউবি পরিচালিত বিএড প্রোগ্রাম

বিষয়: বিএড প্রোগ্রামের ১ম সিমেস্টার (নতুন কারিকুলাম) শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০, (ব্যাচ- ২০২০ পরীক্ষার বিভিন্ন কোর্সের নির্ধারিত কাজ (Assignment) প্রেরণ প্রসঙ্গে।

জনাব,

বাউবি'র স্কুল অব এডুকেশন পরিচালিত বিএড প্রোগ্রামের ১ম সিমেস্টার (নতুন কারিকুলাম) শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০, (ব্যাচ- ২০২০) পরীক্ষার বিভিন্ন কোর্সের নির্ধারিত কাজ (Assignment) শিক্ষার্থীদের মধ্যে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

উল্লেখ্য যে, নির্ধারিত কাজ তৈরির ব্যাপারে প্রয়োজনীয় নির্দেশনাও এতদ্সঙ্গে প্রেরণ করা হলো যা সংশ্লিষ্ট টিউটরবৃন্দের মাধ্যমে শিক্ষার্থীদেরকে অবহিত করার জন্য আপনার নিকট অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদসহ,

(স্বাক্ষরিত) ২/১২/২১

(অধ্যাপক সুফিয়া বেগম)
ডিন
স্কুল অব এডুকেশন
বাউবি, গাজীপুর- ১৭০৫।

সংযুক্তি: বর্ণনা মতে।

<u>সদয় অবগতির জন্য অনুলিপি:</u>

১. সিস্টেম ম্যানেজার/পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি। বিএড প্রোগ্রামের নির্ধারিত কাজের শিরোনাম (৫ পৃষ্ঠা) বাউবি'র ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।
২. পরীক্ষা নিয়ন্ত্রক, বাউবি (মূল্যায়নের সময় পরীক্ষকবৃন্দকে দেওয়ার জন্য অনুরোধ করছি)।
৩. আঞ্চলিক পরিচালক, ... আঞ্চলিক কেন্দ্র, ...। শিক্ষার্থীদের মধ্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৪. উপ-আঞ্চলিক পরিচালক, ... উপ-আঞ্চলিক কেন্দ্র, ...। শিক্ষার্থীদের মধ্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৫. সংরক্ষণ নথি।

E: Jakir_B.Ed_TMA_Letter

বিএড প্রোগ্রাম
১ম সিমেস্টার
শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০ (২০২০ ব্যাচ)

নির্ধারিত কাজ (Assignment)

১. কোর্সের নাম: মাধ্যমিক শিক্ষা (EDBN 1401)			পূর্ণমান
নির্ধারিত কাজ– ১	:	শ্রেণিকক্ষে শিখন-শেখানো কার্যাবলিতে প্রয়োগবাদের ভূমিকা।	১০
		সংকেত: ভূমিকা, প্রয়োগবাদ দর্শনের উৎপত্তি, প্রয়োগবাদ দর্শনের মূলনীতি, প্রয়োগবাদ দর্শনে শিক্ষার লক্ষ্য ও শিক্ষাক্রম, প্রয়োগবাদ দর্শনের শিক্ষক ও শিক্ষার্থীর বৈশিষ্ট্য, শিখন-শেখানো পদ্ধতি, শিক্ষা ক্ষেত্রে প্রয়োগবাদের অবদান, উপসংহার।	
নির্ধারিত কাজ– ২	:	শিক্ষাক্রম প্রণয়নের মৌলিকতা এবং শিক্ষাক্রম উন্নয়নের বিভিন্ন মডেলের তুলনা।	১০
		সংকেত: ভূমিকা, পাঠ্যসূচি, শিক্ষাক্রম ও পাঠ্যসূচির পার্থক্য, শিক্ষাক্রম প্রণয়নের যৌক্তিকতা, শিক্ষাক্রম উন্নয়ন মডেল, রাফ টাইলার ও হিলডা তাবার শিক্ষাক্রম উন্নয়ন মডেলের তুলনা, উপসংহার।	

২. কোর্সের নাম: শিখন-শেখানো দক্ষতা ও কৌশল (EDBN- 1402)			পূর্ণমান
নির্ধারিত কাজ– ১	:	"শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা শিক্ষার্থীর সামগ্রিক বিকাশে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে"– বাস্তব উদাহরণের আলোকে উক্তিটির যৌক্তিকতা বিশ্লেষণ।	১০
		সংকেত: ভূমিকা, শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা, শিক্ষার্থীর সামগ্রিক বিকাশ, শ্রেণিকক্ষ ব্যবস্থাপনার সাথে শিক্ষার্থীর সামগ্রিক বিকাশের সম্পর্ক, উপসংহার।	
নির্ধারিত কাজ– ২	:	"পাঠ পরিকল্পনা শিক্ষার্থীর শিখন ফলপ্রসূ করার পাশাপাশি কীভাবে শিক্ষকের দক্ষতা বৃদ্ধি ও সৃজনশীলতা বিকাশেও সহায়ক ভূমিকা পালন করে তা নিরূপণ"।	১০
		সংকেত: ভূমিকা, পাঠ পরিকল্পনা, শিক্ষার্থীর শিখন ফলপ্রসূকরণে পাঠ পরিকল্পনার গুরুত্ব, শিক্ষকের দক্ষতা বৃদ্ধি ও সৃজনশীলতা বিকাশে পাঠ পরিকল্পনার ভূমিকা, উপসংহার।	

৩. কোর্সের নাম: বাংলা শিক্ষণ (EDBN- 1411)			পূর্ণমান
নির্ধারিত কাজ– ১	:	শ্রেণিকক্ষে বাংলা ব্যাকরণ পাঠের প্রয়োজনীয়তা এবং শিক্ষাদানের পদ্ধতি ও কৌশলসমূহ	১০
		সংকেত: ভূমিকা, বাংলা ব্যাকরণের সংজ্ঞা, বিষয়বস্তু, বৈশিষ্ট্য, ব্যাকরণ পাঠের প্রয়োজনীয়তা, শ্রেণিকক্ষে ব্যাকরণ শিক্ষাদানের পদ্ধতি ও কৌশলসমূহ, উপসংহার।	
নির্ধারিত কাজ– ২	:	শ্রেণিকক্ষে আরোহী, অবরোহী ও গাঠনিক পদ্ধতির প্রয়োগ কৌশল এবং তার সুবিধা-অসুবিধা পর্যালোচনা।	১০
		সংকেত: ভূমিকা, আরোহী, অবরোহী ও গাঠনিক পদ্ধতির বৈশিষ্ট্য, সুবিধা-অসুবিধা, প্রয়োগ কৌশল, উপসংহার।	

৪. কোর্সের নাম: ইংরেজি শিক্ষণ (EDBN- 1412)			পূর্ণমান
নির্ধারিত কাজ- ১	:	The Role of Lesson Plan in Teaching English Language and Literature in the Classroom.	১০
নির্ধারিত কাজ- ২	:	Teaching Pronunciation in the English Language Class.	১০

৫. কোর্সের নাম: বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিক্ষণ (EDBN- 1416)			পূর্ণমান
নির্ধারিত কাজ- ১	:	বাংলাদেশ ও বিশ্বপরিচয় পাঠের প্রয়োজনীয়তা পর্যালোচনা করুন।	১০
নির্ধারিত কাজ- ২	:	বাংলাদেশের অর্থনীতির প্রকৃতি ও সামাজিক পরিবর্তনের পটভূমি পর্যালোচনা করুন।	১০

৬. কোর্সের নাম: ভূগোল ও পরিবেশ শিক্ষণ (EDBN- 1417)			পূর্ণমান
নির্ধারিত কাজ- ১	:	শিক্ষার্থীদের মাঝে আগ্নেয়গিরির ধারণা গঠনে শিক্ষা উপকরণের ব্যবহার।	১০
নির্ধারিত কাজ- ২	:	শিক্ষক প্রশিক্ষণে দূরশিখন ও অণুশিক্ষণ।	১০

৭. কোর্সের নাম: গণিত শিক্ষণ (EDBN- 1421)			পূর্ণমান
নির্ধারিত কাজ- ১	:	স্বল্প ব্যয়ে ও বিনামূল্যে গণিতে শিক্ষা উপকরণ তৈরি এবং তা সংরক্ষণ।	১০
নির্ধারিত কাজ- ২	:	গণিত শিখনে সহপাঠক্রমিক কার্যাবলি হিসেবে গণিত ক্লাব, গণিত অলিম্পিয়াড এবং গণিত ধাঁধাঁর ভূমিকা।	১০

৮. কোর্সের নাম: পদার্থ বিজ্ঞান শিক্ষণ (EDBN- 1422)			পূর্ণমান
নির্ধারিত কাজ- ১	:	পদার্থবিজ্ঞান শিক্ষাক্রমের বৈশিষ্ট্যসমূহের আলোকে কাঙ্খিত লক্ষ্য অর্জনে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞান শিক্ষকের করণীয় নিরূপণ।	১০
		সংকেত: ভূমিকা, পদার্থবিজ্ঞান শিক্ষাক্রমের বৈশিষ্ট্যসমূহ, পদার্থবিজ্ঞান শিক্ষাক্রমের বৈশিষ্ট্যসমূহের আলোকে কাঙ্খিত লক্ষ্য অর্জনে বিজ্ঞান শিক্ষকের করণীয়সমূহ, উপসংহার।	
নির্ধারিত কাজ- ২	:	শ্রেণিকক্ষের বাইরে পদার্থবিজ্ঞান শিখন-শেখানোর ক্ষেত্রসমূহ বর্ণনাপূর্বক শ্রেণিকক্ষে পাঠদানের সাথে শ্রেণিকক্ষের বাইরে পদার্থবিজ্ঞান শিখন-শেখানোর সমন্বয় সাধনের কৌশল বিশ্লেষণ।	১০
		সংকেত: ভূমিকা, শ্রেণিকক্ষের বাইরে পদার্থবিজ্ঞান শিখন-শেখানোর ক্ষেত্রসমূহ, শ্রেণিকক্ষ এবং শ্রেণিকক্ষের বাইরে পদার্থবিজ্ঞান শিখন-শেখানোর সমন্বয় সাধনের কৌশল বিশ্লেষণ, উপসংহার।	

৯. কোর্সের নাম: রসায়ন শিক্ষণ (EDBN- 1423)			পূর্ণমান
নির্ধারিত কাজ- ১	:	মাধ্যমিক পর্যায়ে (নবম দশম শ্রেণি) রসায়ন শিক্ষণে মনোপেশিজ শিখন উদ্দেশ্য বিশ্লেষণ।	১০
নির্ধারিত কাজ- ২	:	মাধ্যমিক পর্যায়ে (৭ম - ৮ম শ্রেণি) অনুর ও পরমাণুর ধারনা গঠনে মডেলের ব্যবহার।	১০

১০. কোর্সের নামঃ জীববিজ্ঞান শিক্ষণ (EDBN- 1424)			পূর্ণমান
নির্ধারিত কাজ- ১	:	জীববিজ্ঞান শিখনে শিক্ষার্থীর আগ্রহ ও অনুসন্ধিৎসা বৃদ্ধির উপায়।	১০
		সংকেতঃ ভূমিকা, বিভিন্ন পদ্ধতি ও কৌশলের মাধ্যমে জীববিজ্ঞানের শিক্ষণ, হাতে কলমে শিখন, প্রাত্যহিক অভিজ্ঞতা সম্পৃক্তকরণের মাধ্যমে শিখন, জীববিজ্ঞান বিষয়ে বির্তক, ফ্লিডট্রিপ, বিজ্ঞান মেলা ও বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন করা, উপসংহার।	
নির্ধারিত কাজ- ২	:	জীববিজ্ঞানে স্বশিক্ষণের ভূমিকা।	১০
		সংকেতঃ ভূমিকা, জীববিজ্ঞান অনুশীলন দক্ষতা, শিখনে ভালো পাঠ ও শিখন অভ্যাস গঠন, নিজস্ব বিজ্ঞান চিন্তার উন্নয়ন কৌশল, জীববিজ্ঞান শিখনের নবতর ধারণা সম্পর্কে নিজেকে হালনাগাদ রাখা, জীববিজ্ঞান শিখনে কর্মসহায়ক গবেষণা, উপসংহার।	

১১. কোর্সের নামঃ ব্যবসায় উদ্যোগ শিক্ষণ (EDBN- 1431)			পূর্ণমান
নির্ধারিত কাজ- ১	:	বিদ্যালয়ে ব্যবসায় উদ্যোগ বিষয় পাঠদানের ক্ষেত্রে উপযোগী শিখন-শেখানো পদ্ধতি।	১০
		সংকেতঃ সূচনা, আপনার বিদ্যালয়ের পরিচিতি ও শিখন-শেখানো কার্যক্রম পরিচালনার অবকাঠামো, আপনার বিদ্যালয়ের ক্ষেত্রে ব্যবসায় উদ্যোগ বিষয় পাঠদানে ক্ষেত্রে কোন কোন শিখন-শেখানো পদ্ধতি উপযোগী, কেন এই পদ্ধতিগুলো উপযোগী, উপসংহার।	
নির্ধারিত কাজ- ২	:	মাধ্যমিক বিদ্যালয়ে উদ্যোক্তা উন্নয়ন কার্যক্রম পরিচালনা।	১০
		সংকেতঃ সূচনা, মাধ্যমিক স্তরে উদ্যোক্তা উন্নয়নের প্রয়োজনীয়তা, আপনার বিদ্যালয়ে উদ্যোক্তা উন্নয়নের জন্য গৃহীত কার্যক্রম সমূহ, কার্যক্রম সমূহের ফলাফল, উপসংহার।	

১২. কোর্সের নামঃ হিসাব বিজ্ঞান শিক্ষণ (EDBN- 1432)			পূর্ণমান
নির্ধারিত কাজ- ১	:	হিসাববিজ্ঞান শিক্ষায় অংশগ্রহণমূলক পদ্ধতির প্রয়োগ।	১০
		সংকেতঃ সূচনা, মাধ্যমিক স্তরে হিসাববিজ্ঞান শিক্ষায় অংশগ্রহণমূলক শিখন-শেখানোর প্রয়োজনীয় কলাকৌশল ও দক্ষতাসমূহ- একক কাজ, জোড়ায় কাজ, দলগত কাজ, মাথা খাটানো, মাইন্ড ম্যাপিং, উপসংহার।	
নির্ধারিত কাজ- ২	:	বিদ্যালয়ে হিসাববিজ্ঞান শিক্ষায় অংশগ্রহণমূলক শিখন-শেখানো পদ্ধতি প্রয়োগের বাস্তব প্রেক্ষাপট।	১০
		সংকেতঃ সূচনা, আপনি আপনার বিদ্যালয়ে হিসাববিজ্ঞান শিক্ষায় কোন কোন অংশগ্রহণমূলক শিখন-শেখানো পদ্ধতি প্রয়োগ করেছেন? পদ্ধতিগুলো প্রয়োগ করতে কী কী অসুবিধার সম্মুখীন হয়েছেন এবং আপনার মতে এ সকল অসুবিধার সমাধান কী, উপসংহার।	

১৩. কোর্সের নামঃ ফিন্যান্স ও ব্যাংকিং (EDBN- 1433)			পূর্ণমান
নির্ধারিত কাজ- ১	:	ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ে প্রযুক্তি নির্ভর শিক্ষা উপকরণের ব্যবহার।	১০
		সংকেতঃ সূচনা, প্রাপ্যতার ভিত্তিতে শিক্ষা উপকরণকে কয়টি ভাগে ভাগ করা যায়, কী কী? ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ে শিক্ষা প্রযুক্তির নতুন অবদান-এ ধরনের ৫টি শিক্ষা উপকরণের পর্যালোচনা, উপসংহার।	
নির্ধারিত কাজ- ২	:	শ্রেণিকক্ষে ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ের বিভিন্ন শিক্ষা উপকরণের প্রয়োগযোগ্যতা।	১০
		সংকেতঃ সূচনা, আপনার বিদ্যালয়ে ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ে কোন কোন শিক্ষা উপকরণ ব্যবহৃত হয়। এ সকল শিক্ষা উপকরণ ব্যবহারের ক্ষেত্রে সমস্যাসমূহ চিহ্নিত করুন এবং সমস্যা সমাধানে আপনার পরামর্শ উল্লেখ করুন, উপসংহার।	

১৪. কোর্সের নামঃ এডভান্স আইসিটি শিক্ষণ (EDBN- 1418)			পূর্ণমান
নির্ধারিত কাজ- ১	:	ICT বিষয়ের শিখন-শেখানো কার্যক্রম পরিকল্পনা।	১০
নির্ধারিত কাজ- ২	:	শিক্ষা ও দৈনন্দিন জীবনে ইন্টারনেটের ব্যবহার।	১০

নির্ধারিত কাজ (Assignment) তৈরির নির্দেশনা

১. নির্ধারিত কাজ অবশ্যই স্বহস্তে লিখতে হবে (কম্পিউটার কম্পোজ গ্রহণযোগ্য নয়)।

২. নির্ধারিত কাজ ৪০০-৫০০ শব্দের মধ্যে হতে হবে এবং প্রয়োজনে লাল কালি ব্যতীত অন্যান্য কালি ব্যবহার করতে পারবেন।

৩. নির্ধারিত কাজ তৈরিতে প্রশিক্ষণার্থী স্বকীয়তা ও সৃজনশীলতা প্রয়োগ করবেন।

৪. নির্ধারিত কাজের কাঠামো হবে নিম্নরূপ:

ক. সর্বপ্রথমে একটি কভার পৃষ্ঠা থাকবে। কাভার পৃষ্ঠায় কোর্সের নাম, কোড নম্বর, বিষয়বস্তু, প্রশিক্ষণার্থীর আইডি, শিক্ষাবর্ষ, ব্যাচ, সিমেস্টার, স্টাডি সেন্টারের নাম, টিউটরের নাম ও পদবি উল্লেখ থাকবে।

খ. দ্বিতীয় পৃষ্ঠায় সূচিপত্র থাকবে।

গ. তৃতীয় পৃষ্ঠা থেকে বিষয়বস্তু এবং সংকেত (যদি থাকে) অনুসারে ধারাবাহিক বর্ণনা থাকবে।

ঘ. সর্বশেষ পৃষ্ঠায় নির্ধারিত কাজটি তৈরিতে যে সকল গ্রন্থ ও অন্যান্য উৎসের সহায়তা নেয়া হয়েছে তার একটি গ্রন্থপঞ্জি থাকবে।

ঙ. নির্ধারিত কাজ A4 সাইজের অফসেট কাগজে প্রতি পৃষ্ঠার একপাশে লিখতে হবে এবং বাঁধাই এর জন্য বাম পাশে তিনটি স্টাপল করে তা স্কসটেপ দিয়ে ঢেকে দিতে হবে (স্পাইরাল বা অন্য কোন প্রকারের বাঁধাই করা যাবে না)।

৫. বিএড পরীক্ষার রুটিনের সাথে 'নির্ধারিত কাজ' জমা দেওয়ার নির্দিষ্ট তারিখ ও সময় উল্লেখ থাকবে। প্রশিক্ষণার্থীগণ উল্লেখিত তারিখ ও সময়ে স্বশরীরে সংশ্লিষ্ট টিউটরের নিকট জমা দিবেন এবং স্বাক্ষর পত্রে স্বাক্ষর করবেন। কেন্দ্র সমন্বয়কারী কোর্সভিত্তিক স্বাক্ষর পত্র ও টপশিটসহ আলাদা আলাদা প্যাকেট করে পরীক্ষা বিভাগে প্রেরণ করবেন।

৬. নির্ধারিত কাজ নিম্নলিখিত কারণে বাতিল বলে গণ্য হবে:

ক. নির্দেশনায় উল্লেখিত 'নির্ধারিত কাজের কাঠামো' এবং বাঁধাই অনুসরণ না করে জমাদান।

খ. নির্ধারিত কাজের বিষয়বস্তু ঠিক না থাকা।

গ. নির্ধারিত কাজের কভার পৃষ্ঠা এবং ভিতরের বিষয়বস্তুর গরমিল।

৭. কোন প্রশিক্ষণার্থীর নির্ধারিত কাজে কোন প্রকার অসুদপায় অবলম্বনের প্রমাণ পাওয়া গেলে উক্ত প্রশিক্ষণার্থীর নির্ধারিত কাজ বাতিলসহ প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। অসুদপায়ের মধ্যে রয়েছে।

ক. নির্ধারিত কাজ হুবহু কপি করা।

খ. নির্ধারিত কাজ ক্রয় করে জমাদান।

গ. প্রশিক্ষণার্থী স্বহস্তে না লিখে অন্য কোন ব্যক্তিকে দিয়ে লেখানো।

ঘ. অন্য প্রশিক্ষণার্থীর নির্ধারিত কাজ উন্নতমানের ফটোকপি করে জমাদান।

বি.দ্র.: প্রশিক্ষণার্থীরা উপরিউক্ত নির্দেশনা মেনে নির্ধারিত কাজ জমা দিচ্ছে কিনা তা যাচাই করার জন্য টিউটরগণকে অনুরোধ করা হলো।